তারিখ 25 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# ভর্তি পরীক্ষার্থীর জন্য বেরোবির ফেসবুক সেবা

**প্রতিনিধি, বেরোবি**

রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশনসহ যে কোনো তথ্য ও পরামর্শ প্রদানে ভর্তিচ্ছু পরীক্ষার্থীদের জন্য অফিসিয়াল ফেসবুক পেজ খুঁলেছে আইটি কমিটি। আগামী ১৩-১৭ নভেম্বর অনুষ্ঠিতব্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও হটলাইন চালুর পাশাপাশি রেজিস্ট্রেশনসহ যে কোনো তথ্য ও পরামর্শ এই ফেসবুক পেজ (BRUR-admission অথবা fb.com/brur.admission.info) থেকে পাওয়া যাবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আইটি কমিটির প্রধান প্রফেসর ড. একেএম নূর-উন-নবী ।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আইটি কমিটির প্রধান প্রফেসর ড. একেএম নূর-উন-নবী শনিবার সকালে সংবাদকে বলেন, দেশকে ডিজিটালাইজড করার অংশ হিসেবেই এই উদ্যোগ নেয়া হয়েছে। যেখানে সারাদেশকে ডিজিটালাইজড রূপরেখার আওতায় আনা হচ্ছে সেখানে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় বিচ্ছিন্ন হবে তা হতে পারেনা। তাই উত্তরোত্তরভাবে প্রতি বছর এই বিশ্ববিদ্যালয়ে স্বতন্ত্র কিছু উপাদান যোগ করার চেষ্টা করে থাকে।

এরই ধারাবাহিকতায় এই উদ্যোগ নেয়া হয়েছে। তিনি আরও বলেন, কোটা প্রবর্তন করে আমরাই প্রথম হিজড়া ও অবহেলিত ছিটমহলের শিক্ষার্থীদের জন্য উচ্চ শিক্ষার দ্বার উন্মোচন করেছি।

যা দেশে সব মহলে প্রশংসিত ও অনুকরণীয় হয়েছে। এদিকে অফিসিয়াল ফেসবুক পেজ চালু করায় উচ্ছ্বাস প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ও ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। উল্লেখ্য, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের এটিই প্রথম ফেসবুক পেজ। বিশ্ববিদ্যালয়ের নামে একাধিক পেজ থাকলেও সেগুলো বিশ্ববিদ্যালয়. কর্তৃপক্ষ নিয়ন্ত্রণ করে না।